## অক্টোবর/২০১৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ শাহজাহান ভূইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। |
| তারিখ | ঃ | ২৮ অক্টোবর, ২০১৪। |
| সময় | ঃ | দুপুর ১২.০০ টা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বর্তমানে ইবোলা ভাইরাস সারা বিশ্বে আতংক সৃষ্টি করছে। বিদেশ থেকে আগতদের সাথে নিরাপদ দূরত্ব বজায় রেখে কথা বলতে হবে। এনথ্রাক্স পশুর মাধ্যমে ছড়ায়। এপর্যন্ত কোন এনথ্রাক্স আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া যায়নি। এম্বুলেন্স মেরামত বিষয়ে সভায় আলোচনা হয়। | এম্বুলেন্স মেরামতের প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। আগামী ৮-১৩ নভেম্বর সেবা সপ্তাহ পালিত হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সুষ্ঠুভাবে সেবা সপ্তাহ পালনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা প.প. কর্মকর্তা |
| ৩ | উপজেলা প্রকৌশলী | পরিশিষ্ট "ক" তে সংযুক্ত | | |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, উপজেলা ট্রেনিং সেন্টার নির্মাণ কাজের টেন্ডার হয়েছে, আগামী ডিসেম্বর মাসে কাজ শুরু হবে। ১৫০০ হেক্টর জমিতে রোপা আমনের চাষ হয়েছে এবং ১১০০ হেক্টর জমিতে সজির চাষ হয়েছে। | টেন্ডারকৃত ট্রেনিং সেন্টারের কাজ শুরু ত্বরান্বিত করার জন্য যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথ চলছে। রূপগঞ্জ উপজেলায় রবিবার মিটলেস ডে হিসেবে ঘোষণা করা হয়েছে। কুকুর নিধনে প্রয়োজনীয় অর্থ মুড়াপাড়া ব্যতিত অন্য ইউপি থেকে পাওয়া যায়নি। সভাপতি, গ্রাম পুলিশদের মাধ্যমে নিধনকৃত কুকুরের সংখ্যা নির্ধারনের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | মিটলেজ ডে কার্যক্রম বিষয়ে জনগণকে অবহিত করতে মেয়র/ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। কুকুর নিধনের চাহিত অর্থ দ্রুত প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরের বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে। | নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক শিক্ষায় অবদানের জন্য নারায়ণগঞ্জ জেলায় শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় জনাব মোঃ শাহজাহান ভূইয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ কে অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয়।<br>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২০১৫ শিক্ষাবর্ষের জন্য চাহিদা অনুযায়ী ২/৩ অংশ বই পাওয়া গেছে, যথাসময়ে বিদ্যালয় পর্যায়ে বিতরণ করা হবে। | শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।<br>ভূলতা প্রাথমিক বিদ্যালয় ও | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

568576

" সংযোজনী - গ "

| ক্রমিক | স্কীসের নাম | প্রকল্প কমিটির সভাপতির নাম | প্রকল্প কমিটির সেক্রেটারীর নাম |
|---|---|---|---|
| ০১ | আদলা মিলনের বাড়ী হতে হোসেন মেম্বরের জমি পর্যন্ত সেচ নালা নির্মান । | মোঃ মকবুল চৌধুরী<br>সদস্য , ভোলাবো ইউ পি। | মোঃ সামসুজ্জামান<br>সমাজ কর্মী |
| ০২ | উপজেলা হাসপাতালের এ্যাম্বুলেন্স মেরামত । | মোঃ গোলজার হোসেন | ডাঃ মোঃ তোফাজ্জল হোসেন<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা । |

স্মারক নং-০৫.৪১.৩৭৪.০০০.১৬.০৯.১৩-৭২৬/১(৫০) তারিখ: ২৬.১১.২০১৪ খ্রি.।

সদয় জ্ঞাতার্থেঃ-

১। মাননীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

২। উপজেলা ..................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান.......................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। জনাব/বেগম...........................................................................................।

২৬/১১/২০১৪

উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।